বিমান বাংলাদেশ এয়ারলাইনস লি: Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE, BALAKA, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH. PHONES: 8901600-14, 8901680-94, FAX: 88-02-8901558, www.biman-airlines.com

সূত্রঃ ৩০.৩৪.২৬০০.০৭৩.২৯.১৫৭.১৮/৮৭ তারিখঃ ২৩/০১/২০১৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর অধীনস্থ বাংলাদেশ এয়ারলাইন্স ট্রেনিং সেন্টারে (বিএটিসি) নিম্নলিখিত পদে নিয়োগের জন্য যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | ট্রেনিং এক্সিকিউটিভ (এয়ারফ্রেম/ইঞ্জিন/ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক এন্ড ইনস্ট্রুমেন্ট/রেডিও রাডার/পাওয়ার প্লান্ট স্পেশালিষ্ট/এয়ারফ্রেম স্পেশালিষ্ট)<br>বেতন স্কেল- টা: ২৬,৫০০-৫৭,৯৫০/-<br>(বেতন বিভাগ-৬ষ্ঠ প্রশাসন) | ০৮ টি | ১১-০২-২০১৮ খৃঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (এ্যারোনটিক্যাল/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স)। এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৪.৫ এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং-এ কমপক্ষে সিজিপিএ ৩.০ থাকতে হবে। ও-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ৫টি বিষয়ে) এবং এ-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ২টি বিষয়ে) থাকতে হবে।<br>খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটারে কাজ করার জ্ঞান থাকতে হবে।<br>গ) ইংরেজী বিষয়ে পারদর্শী হতে হবে। |
| ২. | ট্রেনিং এক্সিকিউটিভ (অপারেশন্স টেকনিক্যাল)<br>বেতন স্কেল- টা: ২৬,৫০০-৫৭,৯৫০/-<br>(বেতন বিভাগ-৬ষ্ঠ প্রশাসন) | ০১টি | | |
| ৩. | ট্রেনিং এক্সিকিউটিভ (প্যাসেঞ্জার/কার্গো সেলস)<br>বেতন স্কেল- টা: ২৬,৫০০-৫৭,৯৫০/-<br>(বেতন বিভাগ-৬ষ্ঠ প্রশাসন) | ০৩টি | ১১-০২-২০১৮ খৃঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজনেস এডমিনস্ট্রেশন/বিজনেস ষ্টাডিস/কমার্স বিষয়ে স্নাতকোত্তর। এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৪.৫, স্নাতকে কমপক্ষে সিজিপিএ ৩.৩ এবং স্নাতকোত্তরে সিজিপিএ ৩.০ থাকতে হবে। ও-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ৫টি বিষয়ে) এবং এ-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ২টি বিষয়ে) থাকতে হবে।<br>খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটারে কাজ করার জ্ঞান থাকতে হবে।<br>গ) ইংরেজী বিষয়ে পারদর্শী হতে হবে। |
| ৪. | ট্রেনিং এক্সিকিউটিভ (জেনারেল ম্যানেজমেন্ট)<br>বেতন স্কেল- টা: ২৬,৫০০-৫৭,৯৫০/-<br>(বেতন বিভাগ-৬ষ্ঠ প্রশাসন) | ০১টি | | |
| ৫. | ট্রেনিং এক্সিকিউটিভ (গ্রাউন্ড সার্ভিস)<br>বেতন স্কেল- টা: ২৬,৫০০-৫৭,৯৫০/-<br>(বেতন বিভাগ-৬ষ্ঠ প্রশাসন) | ০২টি | ১১-০২-২০১৮ খৃঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর। এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৪.৫, স্নাতকে কমপক্ষে সিজিপিএ ৩.৩ এবং স্নাতকোত্তরে সিজিপিএ ৩.০ থাকতে হবে। ও-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ৫টি বিষয়ে) এবং এ-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ২টি বিষয়ে) থাকতে হবে।<br>খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটারে কাজ করার জ্ঞান থাকতে হবে।<br>গ) ইংরেজী বিষয়ে পারদর্শী হতে হবে। |
| ৬. | ট্রেনিং এক্সিকিউটিভ (ল্যাংগুয়েজ)<br>বেতন স্কেল- টা: ২৬,৫০০-৫৭,৯৫০/-<br>(বেতন বিভাগ-৬ষ্ঠ প্রশাসন) | ০১টি | ১১-০২-২০১৮ খৃঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে স্নাতকোত্তর। এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৪.৫, স্নাতকে কমপক্ষে সিজিপিএ ৩.৩ এবং স্নাতকোত্তরে সিজিপিএ ৩.০ থাকতে হবে। ও-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ৫টি বিষয়ে) এবং এ-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ২টি বিষয়ে) থাকতে হবে।<br>খ) অ্যাপ্লাইড ল্যাংগুয়েস্টিক ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটারে কাজ করার জ্ঞান থাকতে হবে। |
| ৭. | লাইব্রেরী অফিসার<br>বেতন স্কেল- টা: ২৬,৫০০-৫৭,৯৫০/-<br>(বেতন বিভাগ-৬ষ্ঠ প্রশাসন) | ০১টি | ১১-০২-২০১৮ খৃঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্স বিষয়ে স্নাতক। এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৪.৫, স্নাতকে কমপক্ষে সিজিপিএ ৩.৩ থাকতে হবে। ও-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ৫টি বিষয়ে) এবং এ-লেভেলে গড়ে ‘বি’ (সর্বোত্তম ২টি বিষয়ে) থাকতে হবে।<br>খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটারে কাজ করার জ্ঞান থাকতে হবে।<br>গ) ইংরেজী বিষয়ে পারদর্শী হতে হবে। |

## শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী ঃ

০১। ১১-০২-২০১৮ খৃঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এসএসসি পাশের সদনপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

০২। উপরোক্ত পদে নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০৩ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনকভাবে ০৩ বছর চুক্তিভিত্তিক চাকরি সম্পন্নের পর যোগদানের তারিখ হতে স্থায়ীভাবে আত্মীকরণ করা হবে।

০৩। ক্রমিক নং-১ হতে ৬ পর্যন্ত বর্ণিত পদে নিয়োগ প্রাপ্ত কর্মকর্তাগণকে বিএটিসি'তে নির্ধারিত বেসিক কোর্স ও শ্রেণীকক্ষ প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণের ফলাফলের ভিত্তিতে তাঁদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

০৪। ক্রমিক নং-০১ এ বর্ণিত পদে প্রাথমিকভাবে বেতন বিভাগ-৬ (প্রশাসন) এর স্কেলে বেতন-ভাতাদি প্রাপ্ত হবেন। পরবর্তীতে সংশ্লিষ্ট ট্রেডে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি) হতে প্রয়োজনীয় লাইসেন্স অর্জনের পর কারিগরী বেতন স্কেল টাঃ ৩৪,৪৩০-৮৭,১৭০/- এ বেতন-ভাতাদি প্রাপ্ত হবেন।

০৫। নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে অনলাইনে আবেদনপত্রের প্রিন্ট কপির সাথে সনদপত্রের/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং মৌখিক সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০৮। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েব সাইটে www.biman-airlines.com; www.biman.org.bd প্রকাশ করা হবে।

০৯। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সংশোধন, পরিবর্তন, স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষন করে।

১০। আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী

ক) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের ওয়েব সাইট www.biman-airlines.com এর Careers Page -এ অথবা www.biman.org.bd এর নির্দিষ্ট লিঙ্কে বা সরাসরি http://bbal.teletalk.com.bd ওয়েব সাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: **২৮ জানুয়ারি ২০১৮ সকাল** ১০:০০টা।

ii. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ১১ ফেব্রুয়ারি ২০১৮ বিকাল ০৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০ x ৮০ পিক্সেল ৬০ কেবি'র বেশী নয়) এবং রঙ্গিন ছবি (সর্বোচ্চ ৩০০ x ৩০০ পিক্সেল ১০০ কেবি'র বেশী নয়) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, তাই অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) নির্ভূলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষন করবেন। User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile এর মাধ্যমে ০২টি SMS করে আবেদন ফি জমা দিতে পারবেন। বর্ণিত পদসমূহের আবেদন ফি অফেরতযোগ্য ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"**।

1st SMS : BBAL<Space>USER_ID and send to 16222

2nd SMS: BBAL<Space>YES<Space>PIN and send to 16222

ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS. পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ) SMS এর প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক সাক্ষাৎকারের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ছ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBAL<Space>Help<Space>User<Space>User_ID & send to 16222 .

ii. PIN Number জানা থাকলে BBAL<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222 .

১১। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে সনদপত্রের/প্রমাণপত্রের সত্যায়িত_কপি দাখিল করতে হবে ঃ

(১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত গ্রেড পয়েন্ট উল্লেখসহ সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), (৬) জাতীয় পরিচয় পত্রের রঙ্গিন ফটোকপি, (৭) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কপোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদ (৮) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট, মুক্তিযোদ্ধা সার্টিফিকেট ও গেজেটের ফটোকপি, (৯) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক উপজাতীয় সনদ।

(সুদীপ কুমার চক্রবর্তী)
ব্যবস্হাপক নিয়োগ
মানব সম্পদ উপ-বিভাগ
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
প্রধান কার্যালয় ‘বলাকা’
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০১৬০০ এক্স ২১৫৪, ২১৫৭